আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি এবং একজন ইয়াতীম আমাদের ঘরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে সালাত আদায় করি। আর আমার মা উম্মে সুলাইম আমাদের পিছনে। সহীহ বুখারী।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি এবং একজন ইয়াতীম
আমাদের ঘরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে সালাত আদায় করি। আর আমার মা উম্মে সুলাইম আমাদের পিছনে”। [সহীহ] [মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম), তবে শব্দ সহীহ বুখারীর।]

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু সংবাদ দেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনাস এবং একজন ইয়াতীমকে নিয়ে সালাত আদায় করেন। তাদের দুইজনের দাড়ানো স্থান ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে। আনাস রাদিয়াল্লাহু আনহু আরও সংবাদ দেন তার মা যাকে উম্মে সুলাইম উপনামে ভুষিত করা হতো সে তাদের পিছনে সালাত আদায় করেন। ফলে তাদের কাতার ছিল নিম্নরূপ: ইমামের অবস্থান: সামনে। বাচ্চাদের অবস্থান: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে। মহিলাদের অবস্থান: তাদের পিছনে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11301